দর্শনা ট্রাক ও ট্র্যাংকলরী শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনকে ঘিরে প্রচারনা

আগামী ১১জুন চুয়াডাঙ্গা আন্তঃ জেলা ট্রাক ও ট্র্যাংকলরী দর্শনা শাখার শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচনকে ঘিরে ব্যাপক প্রচারনা শুরু হয়েছে। ইতিমধ্যে নিবার্চন কমিটি নিবার্নের তারিখ ও চুড়ান্ত ভোটার তালিকা সম্পুর্ন করেছে। ১৩টি পদের অনুকুলে ২২ জন প্রার্থী ভোট যুদ্ধে অংশ নিচ্ছেন।

এরা হলেন, সভাপতি পদে ৩ জন প্রার্থী হলেন, ট্রাক ড্রাইভার সাইফুল ইসলাম (বাই-সাইকেল), ইসমাইল হোসেন (হাতুড়ি) ও মোতালেব হোসেন (টায়ার) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন।

সহ-সভাপতি পদে ৩জন প্রার্থী হলেন, হুমায়ন কবীর (মাছ), কাজল আহম্মেদ আব্বাস(দেয়ালঘড়ি) ও মোশারেফ জোয়াদ্দার্র (হাতি) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন। সাধারণ সম্পাদক পদেও ২ জন প্রার্থী ভোট যুদ্ধে অংশ নিচ্ছেন, এরা হলেন, আবু সাঈদ (ট্রাক) মোঃ শাহাজাহান (আনারস) মুজিবুল আলম (কুঁড়েঘর) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন। যুগ্ম সম্পাদক পদে দুইজন প্রতিদ্বন্দ্বিতা করছেন। এরা আবু সাঈদ (রিক্র) ও ইকবাল হোসেন শিপন দোয়াত কলম) মাকার্ প্রতিদ্বন্দ্বিতা করছেন। সহ-সম্পাদক পদে ২জন প্রার্থী রয়েছেন। এরা হলেন, আনারুল ইসলাম (মই) ও মোঃ আসলাম (ফুটবল) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন। সাংগঠনিক সম্পাদক পদে ২ জন হলেন, ফিরোজ আলী মোটর সাইকেল) ও আব্দুল জলিল গোলাপফুল) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন। প্রচার সম্পাদক পদে ১ জন সানোয়ার হোসেন (মাইক) মার্ক নিয়ে ভোটে অংশ নেয়। তবে এর বিপরীতে কোন প্রার্থী না থাকায় বে-সরকারী ভাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছেন। কোষাধ্যক্ষ পদে ২জন প্রতিদ্বন্দ্বিতা করছেন, এরা হলেন, শ্রী পার্থ প্রতিম শিকদার (মোবাইল) ও ফেরদৌস হোসেন (কলস) মার্কা প্রতিদ্বন্দ্বিতা করছেন।

এছাড়া কার্যকরী সদস্য পদে কোন প্রতিদ্বন্দ্বি না থাকায় ৪ জন কার্যকরী সদস্য পদে শাহিন আলম (রকি) (মোরগ), সাহেব আলী(হুইলরেঞ্জ), জীবন হোসেন (টুপি) ও নাজমুল হোসেন (টিওবয়েল)

মার্কা নিয়ে ভোটে অংশ নিয়ে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছেন বলে জানান, প্রধান নিবার্চন কমিশনার আনোয়ার হোসেন ও নিবার্চন কমিশনার সদস্য হাজী লিটন ও আব্দুল লতিফ।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৫-এর ঘোষিত তফসিল অনুযায়ী আজ সোমবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন।

নির্ধারিত সময়সীমার মধ্যে চারটি পদের বিপরীতে মোট পাঁচজন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

নির্বাচন কমিটির সভাপতি মো. মাহবুবুল হকের নিকট জমা পড়া মনোনয়নপত্র অনুযায়ী, সভাপতি পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. হাফিজুর রহমান ও মো. আব্দুল মজিদ। সহ-সভাপতি পদে প্রার্থী হয়েছেন মো. আবু তালেব।

নির্বাচনী এলাকা ‘ক’ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. শহীদুল্লাহ এবং ‘খ’ এলাকা (গাংনী উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়ন দিয়েছেন এস. এম. ফয়েজ।

মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সমবায় ব্যাংকের বর্তমান সভাপতি মো. নুরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নুরুজ্জামান এবং অফিস সহকারী রানা।

ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৭ মে ২০২৫, মঙ্গলবার মনোনয়নপত্র যাচাই-বাছাই ও খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন

নির্বাচনী আচরণ ভঙ্গ করে মোটরসাইকেল শোডাউন করে নেতাকর্মীদের ভূরিভোজ করালেন ইউনিয়ন বিএনপি’র সভাপতি পদের প্রার্থী জাফর আকবর।

আজ বৃহস্পতিবার দুপুরে কাথুলি ইউনিয়ন থেকে বিরাট শোডাউন করে গাংনী উপজেলা বিএনপি’র কার্যালয়ে আসেন তিনি। বিএনপি কার্যালয় থেকে মনোনয়ন ফরম উত্তোলন শেষে স্থানীয় একটি হোটেলে ভূরিভোজ করান তিনি। এসময় হোটেলটিতে ব্যাপক ভীড় লক্ষ করা যায়। অন্যান্য খরিদদাররা হোটেলে যায়গা না পেয়ে চলে যান।

এবারের প্রার্থী জাফর আকবর বলেন, নির্বাচন কমিশন আমাকে কোনো কিছুই বলেনি। এটা নির্বাচনী আচরণ বিধিও ভঙ্গ হয়নি।
তবে, কাথুলি ইউনিয়ন বিএনপি’র দ্বিবার্ষিক নির্বাচন কমিশনার জুলফিকার আলী বলেন, চার থেকে পাঁচজন নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম তুলতে আসতে পারে। অনেক নেতাকর্মী নিয়ে মনোনয়ন ফরম নিতে আসলে নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ হয়েছে। বিষয়টি খোঁজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে।

নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সাহেব আলী সেন্টু বলেন, শোডাউন করা এবং নেতাকর্মীদের ভোটের আগে ভূরিভোজ করানো অনৈতিকতা। এটা উনি (জাফর আকবর) করতে পারেন না। আমি মনে করি এটা নির্বাচনী বৈষম্য। আমি নির্বাচন কমিশনের কাছে বিষয়টি নিয়ে আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।

সভাপতি পদের অপর প্রার্থী ফেরদৌস ওয়াহেদ বেল্টু জানান, নির্বাচনী আচরণ বিধি ভঙ্গ করে সে মোটরসাইকেল শোডাউন করেছে জাফর আকবর। ভোটার প্রভাবিত করতেই জাফর আকবর মোটরসাইকেল সোডাউন এবং ভূরিভোজ করেছেন। আমি শুক্রবার নির্বাচন কমিশনের কাছে লিখিত অভিযোগ দেবো।

উল্লেখ্য আগামী ২৮ এপ্রিল গাংনীর কাথুলী ইউনিয়ন বিএনপি’র

দ্বিবার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হবে। কাউন্সিলে সভাপতি পদে ৬ ও সাধারণ সম্পাদক পদে ৫ জন প্রার্থী সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন।

মেহেরপুর পৌরসভা কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

মেহেরপুর পৌরসভা কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে।

নির্বাচনে সভাপতি পদে বাই-সাইকেল প্রতীকে ৪৪ ভোট পেয়ে খলিলুর রহমান বিজয়ী হন এবং সাধারণ সম্পাদক পদে ফুটবল প্রতীকে ৬১ ভোট পেয়ে সানোয়ার হাসান নির্বাচিত হন।

শনিবার সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

সহ-সভাপতি হিসেবে লাভলী মন্ডল দেওয়াল ঘড়ির প্রতীকে ৫০ ভোট, সহ-সাধারণ সম্পাদক হিসেবে কামরুন্নাহার আম প্রতিকে ৫০ ভোট, কোষাধ্যাক্ষ হিসেবে মেহেদী আল মামুন চাকা প্রতীকে ৪৭ ভোট, সাংগঠনিক সম্পাদক হিসেবে সাঈদ হোসেন মোরগ মার্কার প্রতীকে ৪৫ ভোট পেয়ে বিজয়ী হয়। এছাড়াও বিনা প্রতিদ্বন্দ্বিতায় প্রচার সম্পাদক হিসেবে সাজেদুল ইসলাম জয় লাভ করে।

নির্বাচনের প্রধান নির্বাহী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন আবু হেনা মোস্তফা কামাল। কমিশনার হিসেবে ছিলেন জয়নাল আবেদীন ও শফি উদ্দিন। তাঁরা উপস্থিত থেকে ফলাফল ঘোষণা করেন।

নির্বাচনে মোট ভোটার ছিলেন ৭৯ জন।

মেহেরপুর ব্যবসায়ী সমিতির নতুন সভাপতি দিপু, শহিদুল সাধারণ সম্পাদক

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে ঐতিহ্যবাহী মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রিবার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। তিন বছরের জন্য নতুন কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মনিরুজ্জামান দিপু, তিনি ভোট পেয়েছেন ৩৬২ এবং ২৯২ ভোট পেয়ে সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন শহিদুল ইসলাম ।

গতকাল শুক্রবার রাত ১২ টার দিকে নির্বাচন পরিচালনা কমিটি ফলাফল ঘোষণা করেন। ঘোষিত ফলাফল অনুযায়ী অন্যান্য পদের মধ্যে ৩৭৪ ভোট পেয়ে সিনিয়র সহসভাপতি পদে বাবলু রহমান, ৩১১ শাহিন মল্লিক ভোট পেয়ে সহসভাপতি পদে, সিনিয়র যুগ্ম সম্পাদক পদে ইবনে সাদাত তুষার জয়লাভ করেছেন তিনি ভোট পেয়েছেন ৩৫৩, যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন নির্বাচিত হয়েছেন। তিনি ভোট পেয়েছেন ৩২৩। সাংগঠনিক সম্পাদক পদে শাহিনুর ইসলাম, তিনি ভেঅট পেয়েছেন ৩৪৯। কোষাধাক্ষ পদে কামাল হোসেন, তিনি ভোট পেয়েছেন৩২০, দপ্তর সম্পাদক পদে আব্দুস সালাম, তিনি ভোট পেয়েছেন ৩১৬। প্রচার সম্পাদক পদে সাইদুর রহমান সাইদ, তিনি ভোট পেয়েছেন ৩২৮, ক্রীড়া ও সাংস্কৃতি বিষয়ক সম্পাদক হারুন অর রশিদ হিরা, তিনি ভোট পেয়েছেন ২৯৮। সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক মো, রেমিম, তিনি ভোট পেয়েছেন৩৫৭, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মাকসুদুর রহমান রুমন, তিনি ভোট পেেয়েছেন২৯৯। নির্বাহী সদস্য পদে জয়নাল আবেদীন, তিনি ভোট পেয়েছেন ২৮৯, হামিদুল ইসলাম ৩২৮ ভোট, আবুল জাব্বা পেয়েছেন ৩৪৫, মিজানুর রহমান ৩৪৪ ভোট পেয়ে, ওবাইদুল ইসলাম ভোটন, তিনি পেয়েছেন ২৯৬ ভোট।

দীর্ঘ ১০ বছর পর ঐতিহ্যবাহি এই সংগঠণের নির্বাচন অনুষ্ঠিত হওয়ায় প্রার্থী ভোটার ও সমর্থকদের মধ্যে চলছে উৎসাহ উদ্দীপনা ও টানটান উত্তেজনা। নির্বাচনে ২১ টি পদের বিপরীতে ৩৯ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছেন। এদের মধ্যে দুজন প্রার্থী বিনা

প্রতিদ্বন্দ্বীয়তায় নির্বাচিত হয়েছেন। এখন ১৯ টি পদের বিপরীতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচনে মোট ভোটার ছিলো ৭০৬ জন। তার মধ্যে ৬৬৬টি ভোট পোল হয়। সকাল ৮ টা থেকে শুরু হয়ে বিরতিহীন বিকাল ৪টায় শেষ হয়। ঘন্টা খানেক বিরতী দিয়ে বিকাল ৫টায় শুরু হয় ভোট গণনা।
নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক পদে জিয়ারুল ইসলাম ও প্রহরি বিষয়ক সম্পাদক পদে আজগর আলী সুমন বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন।
ভোট কেন্দ্রে ও ভোট কেন্দ্রের বাইরের পরিবেশ সুষ্ঠ সুন্দর রাখতে আইনশৃংখলা বাহিনীর সদস্য মোতায়েন ছিল চোখে পড়ার মত।

দিনব্যাপী অনুষ্ঠিত নির্বাচন পরিদর্শনে যান জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক ও মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রশিকিউটর (পিপি) অ্যাডভোকেট এএসএম সাইদুল রাজ্জাক, বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবাহ উদ্দীন, সাংবাদিকসহ বিভিন্ন শ্রেনী পেশার প্রতিনিধিগণ নির্বাচন পর্যবেক্ষণ করছেন।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচন আজ

৬ বছর পর মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রিবার্ষিক নির্বাচন আজ। বড়বাজার ব্যবসায়ী সমিতির কার্যালয়ে ভোট গ্রহন শুরু হবে সকাল ৮টা থেকে যা চলবে বিকাল ৪টা পর্যন্ত।

ভোটগ্রহণ সুষ্ঠভাবে সম্পন্ন করতে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন পরিচালনা কমিটি। নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সদস্য মাহবুবুল হক মন্টু ও মাহাবুব চান্দু নির্বাচন পরিচালনা কমিটির দায়িত্বে রয়েছেন।

এদিকে ব্যবসায়ী সমিতির ভোটকে কেন্দ্র করে ব্যবসায়ীদের মধ্যে

উৎসব উদ্দীপনা শুরু হয়েছে। গেল কয়েকদিন সকাল থেকে শুরু করে মধ্য রাত পর্যন্ত সাধারণ ভোটারদের দ্বারে দ্বারে ভোট প্রার্থনা করতে দেখা গেছে। কখনও কখনও ছোট ছোট শোডাউন, মিছিল করতেও দেখা গেছে প্রার্থীদের। সবমিলিয়ে পছন্দের প্রার্থীকে ব্যবসায়ী নেতা তৈরির লক্ষ্যে মুখিয়ে ছিলেন ভোটাররাও। দুটি প্যানেল ও একটি স্বতন্ত্র সাধারণ সম্পাদক পদে নির্বাচনে প্রতিদ্বন্দীতা করছেন প্রার্থীরা।

এর মধ্যে একটিতে দিপু-সোহেল প্যানেল ও আরেকটি মিরন-শহিদুল প্যানেল দুটি প্রতিদ্বদ্বীতা করছেন। নির্বাচনে সভাপতি পদে মোঃ মনিরুজ্জামান দিপু (সাইকেল) ও আবু ইউসুফ মিরন (ছাতা) প্রতিদ্বন্দ্বিতা করছেন। সাধারণ সম্পাদক পদে সোহেল আহম্মেদ (হরিণ) ও শহিদুল ইসলাম (মটর সাইকেল), এবং স্বতন্ত্র প্রার্থী মোঃ মেহেদী হাসান মিলন (চেয়ার) পদে লড়ছেন।

এছাড়া সিনিয়র সহ-সভাপতি পদের মোহাম্মদ মোস্তাফিজুর রহমান টোটন (গরুর গাড়ী) ও বাবলু রহমান (টেলিভিশন), সহ-সভাপতি পদে মোঃ শাহিন মল্লিক (মই) ও রায়হান কবির (দেয়াল ঘড়ি), সিনিয়র যুগ্ম সম্পাদক পদে মোঃ ইবনে সাদাত তুষার (ফুটবল) ও তাজুল ইসলাম (মাছ), যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন নষ্ট (গোলাপ ফুল) ও মানিক হোসেন (উড়োজাহাজ), সাংগঠনিক সম্পাদক পদে মোঃ শাহিনুল ইসলাম শাহীন (তালা চাবি) ও সামসুল আযম লিল্টু (হাতপাখা), কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ কামাল হোসেন (খেজুর গাছ) ও সাহেদুজ্জামান রিপন (হাতপাখা), দপ্তর সম্পাদক পদে মোঃ শফিউল আলম শিল্টু (মোবাইল) ও আব্দুস সালাম (কুঁড়েঘর), প্রচার সম্পাদক পদে মোঃ সাইদুর রহমান সাঈদ (কবুতর) ও এস. এ খান শিল্টু (বাস), ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ রকিবুজ্জামান জনি (প্রজাপতি) ও ইমাদুল হক (ডাব), ধর্ম বিষয়ক সম্পাদক পদে মোঃ হারুন অর রশিদ হিরা (মিনার) ও আব্দুল লতিফ (ফুলদানি), সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক পদে মোঃ রেমিম (কুলা) ও এমদাদুল ইসলাম (চশমা), গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মোহাম্মদ সাদেকুজ্জামান খান (কাপ পিরিস) ও মাকসুদুর রহমান রুমন (বই) প্রতিদ্বন্দ্বিতা করছেন। সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ জিয়ারুল ইসলাম ও প্রহরা বিষয়ক সম্পাদক পদে মোঃ আজগর আলী সুমন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

এছাড়াও সদস্য পদে মোহাম্মদ মিজানুর রহমান মিল্টন (সিলিং ফ্যান), মোঃ রাকিব হোসেন (ট্রাক), মোঃ হামিদুল ইসলাম (ক্রিকেট ব্যাট), মোঃ ওবাইদুল ইসলাম (টিউবওয়েল), রাজন আহম্মেদ (কলস), মোঃ জয়নাল

আবেদীন (হাঁস), মোঃ হামিদুল ইসলাম (বালতি), মোঃ আব্দুল জব্বার (ঘোড়া), মোঃ নাজমুল ইসলাম (আনারস) ও মোঃ রবিউল ইসলাম (পানির বোতল) প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনী কর্মকর্তারা জানান, শান্তিপূর্ণ ও সুষ্ঠু পরিবেশে ভোটিং সম্পন্ন করতে সকল প্রকার নিরাপত্তা ও লজিস্টিক সহায়তা দেওয়া হয়েছে। প্রার্থী ও ভোটারদের উদ্দেশ্যে আহ্বায়ক মোঃ আব্দুস সালাম বলেন, আমরা একটি স্বচ্ছ ও ন্যায্য নির্বাচন নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির এই নির্বাচনে মোট ৩২টি পদে ৫৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ফলাফল ভোটগ্রহণ শেষে আজই ঘোষণা করা হবে।

সংষ্কারের আগে নির্বাচন নয়: বাংলাদেশ কংগ্রেস

একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের জন্য প্রয়োজনীয় সংষ্কার শেষে নির্বাচনের আয়োজন করার দাবী জানিয়েছে বাংলাদেশ কংগ্রেস।

বাংলাদেশ কংগ্রেসের বাংলামটরস্থ কেন্দ্রীয় কার্যালয়ে “রাষ্ট্র সংষ্কার: প্রত্যাশা ও বাস্তবতা” শীর্ষক সেমিনারে সভাপতির বক্তব্যে দলের চেয়ারম্যান এ্যাডঃ কাজী রেজাউল হোসেন বলেন, দূর্বল নির্বাচন কমিশন, প্রশাসন ও পুলিশ দিয়ে অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন সম্ভব নয়।

কাজী রেজাউল হোসেন আরো বলেন, বিদ্যমান ব্যবস্থায় নির্বাচন পরিচালনায় নির্বাচন কমিশনের কোন ভূমিকা থাকে না। তারা ভোটার তালিকা ও ব্যালট পেপার প্রস্তুত করে নির্বাহী বিভাগের হাতে তুলে দেয় এবং নির্বাহী বিভাগ নির্বাচন পরিচালনা করে।

বাংলাদেশ কংগ্রেসের মহাসচিব এ্যাডঃ মোঃ ইয়ারুল ইসলাম সেমিনারে বলেন, নির্বাচন সংষ্কার কমিশনের প্রস্তাবনায় কার্যকর কোন সংষ্কার হবে না। এমন সংষ্কার আনতে হবে যাতে শাসকগোষ্ঠী

নির্বাচনে আনুকূল্য না পায়।

এ্যাডঃ ইয়ারুল ইসলাম আরো বলেন, বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার একটি নিরপেক্ষ সরকার। প্রত্যাশিত সংষ্কারগুলো একমাত্র তাদের দ্বারাই সম্ভব। তাড়াহুড়ো করে নির্বাচন দিলে দলীয় সরকার ক্ষমতায় আসবে যারা যারা দলীয় স্বার্থের বাইরে কোন সংষ্কার করবে না।

সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন লেঃ কঃ (অবঃ) জোবায়ের উল্লাহ, বাংলাদেশ কংগ্রেসের উপদেষ্টা এ আর সিকদার সোহেল, যুগ্ম মহাসচিব আব্দুল্লাহ আল মামুন, সাংগঠনিক সম্পাদক মোঃ নাজমুল মোর্শেদ, অর্থ সম্পাদক প্রভাষক মোস্তফা আনোয়ার ভুইয়া রিপন, দপ্তর সম্পাদক মোঃ তুষার রহমান, আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক এ্যাডঃ আব্দুর রউফ খান, সমাজ সেবা ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক সম্পাদক এ্যাডঃ মোঃ মাইনুল ইসলাম, নির্বাহী সদস্য আনোয়ার কে মোর্শেদ, আব্দুর রহিম চৌধুরী, সোহেল হায়দার প্রমুখ।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতি নির্বাচনের প্রতীক বরাদ্দ

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনের চূড়ান্ত প্রার্থী তালিকা ও প্রতীক বরাদ্দ প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হয়েছে।

গতকাল বুধবার রাতে বড় বাজার ব্যবসায়ী সমিতির কার্যালয়ে এই প্রতীক বরাদ্দ কার্যক্রম অনুষ্ঠিত হয়। নির্বাচনের প্রতিটি পদের প্রার্থীদের নাম ও প্রতীক তালিকা প্রকাশ করা হয়েছে।

নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সদস্য মাহবুবুল হক মন্টু ও মাহাবুব চান্দু এ চূড়ান্ত প্রার্থী তালিকা ও প্রতীক বরাদ্দ করেন। তালিকায় সভাপতি পদ থেকে শুরু করে বিভিন্ন পদের প্রার্থীদের নাম এবং তাদের বরাদ্দকৃত প্রতীক উল্লেখ করা

হয়েছে।

সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরা হলেন মো: মনিরুজ্জামান দিপু (প্রতীক: সাইকেল) ও আবু ইউসুফ মিরন (প্রতীক: ছাতা)। সিনিয়র সহ-সভাপতি পদের মোহাম্মদ মোস্তাফিজুর রহমান টোটন (গরুর গাড়ী) ও বাবলু রহমান (টেলিভিশন), সহ-সভাপতি পদে মোঃ শাহিন মল্লিক (মই) ও রায়হান কবির (দেয়াল ঘড়ি), সাধারণ সম্পাদক পদে মোঃ মেহেদী হাসান মিলন (চেয়ার), সোহেল আহম্মেদ (হরিণ) ও শহিদুল ইসলাম (মটর সাইকেল), সিনিয়র যুগ্ম সম্পাদক পদে মোঃ ইবনে সাদাত তুষার (ফুটবল) ও তাজুল ইসলাম (মাছ), যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন (গোলাপ ফুল) ও মানিক হোসেন (উড়োজাহাজ), সাংগঠনিক সম্পাদক পদে মোঃ শাহিনুল ইসলাম শাহীন (তালা চাবি) ও সামসুল আযম লিল্টু (হাতপাখা), কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ কামাল হোসেন (খেজুর গাছ) ও সাহেদুজ্জামান রিপন (হাতপাখা), দপ্তর সম্পাদক পদে মোঃ শফিউল আলম শিল্টু (মোবাইল) ও আব্দুস সালাম (কুঁড়েঘর), প্রচার সম্পাদক পদে মোঃ সাইদুর রহমান সাঈদ (কবুতর) ও এস. এ খান শিল্টু (বাস), ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ রকিবুজ্জামান জনি (প্রজাপতি) ও ইমাদুল হক (ডাব), ধর্ম বিষয়ক সম্পাদক পদে মোঃ হারুন অর রশিদ হিরা (মিনার) ও আব্দুল লতিফ (ফুলদানি), সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক পদে মোঃ রেমিম (কুলা) ও এমদাদুল ইসলাম (চশমা), গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মোহাম্মদ সাদেকুজ্জামান খান (কাপ পিরিস) ও মাকসুদুর রহমান রুমন (বই) প্রতীক পেয়েছেন। সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ জিয়ারুল ইসলাম ও প্রহরা বিষয়ক সম্পাদক পদে মোঃ আজগর আলী সুমন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

এছাড়াও সদস্য পদে মোহাম্মদ মিজানুর রহমান মিল্টন (সিলিং ফ্যান), মোঃ রাকিব হোসেন (ট্রাক), মোঃ হামিদুল ইসলাম (ক্রিকেট ব্যাট), মোঃ ওবাইদুল ইসলাম (টিউবওয়েল), রাজন আহম্মেদ (কলস), মোঃ জয়নাল আবেদীন (হাঁস), মোঃ হামিদুল ইসলাম (বালতি), মোঃ আব্দুল জব্বার (ঘোড়া), মোঃ নাজমুল ইসলাম (আনারস) ও মোঃ রবিউল ইসলাম (পানির বোতল) প্রতীক পেয়েছেন।

নির্বাচনের মাধ্যমে ব্যবসায়ী সমিতির নতুন নেতৃত্ব গঠন করা হবে, যা মেহেরপুর বড় বাজারের উন্নয়ন ও ব্যবসায়িক পরিবেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতি নির্বাচনে ৪২ জনের মনোনয়ন দাখিল

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনে ৪২ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদকসহ বিভিন্ন পদে প্রতিদ্বন্দ্বিতা করতে প্রার্থীরা মনোনয়ন জমা দিয়েছেন।
গতকাল সোমবার রাত সাড়ে ৭ টার দিকে মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির কার্যালয়ে এইসকল মনোনয়নপত্র জমা করা হয়।
নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মোঃ আব্দুস সালাম, সদস্য মাহবুবুল হক মন্টু ও মাহাবুব চান্দু মনোনয়নপত্র গ্রহণ করেন। মনোনয়ন পত্র দাখিলের সভাপতি পদের প্রার্থীরা হলেন মো: মনিরুজ্জামান দিপু ও আবু ইউসুফ মিরন, সিনিয়র সহ-সভাপতি পদের মোহাম্মদ মোস্তাফিজুর রহমান টোটন ও বাবলু রহমান, সহ-সভাপতি পদে মোঃ শাহিন মল্লিক ও রায়হান কবির, সাধারণ সম্পাদক পদে মোঃ মেহেদী হাসান মিলন, সোহেল আহম্মেদ ও শহিদুল ইসলাম, সিনিয়র যুগ্ম সম্পাদক পদে মোঃ ইবনে সাদাত তুষার ও তাজুল ইসলাম, যুগ্ম সম্পাদক পদে আলমগীর বাদশা শিল্টন ও মানিক হোসেন, সাংগঠনিক সম্পাদক পদে মোঃ শাহিনুল ইসলাম শাহীন ও সামসুল আযম লিল্টু, কোষাধ্যক্ষ পদে মোহাম্মদ কামাল হোসেন ও সাহেদুজ্জামান রিপন, দপ্তর সম্পাদক পদে মোঃ শফিউল আলম শিল্টু ও আব্দুস সালাম, প্রচার সম্পাদক পদে মোঃ সাইদুর রহমান সাঈদ ও এস. এ খান শিল্টু, সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ জিয়ারুল ইসলাম ও মোঃ সুজন, ক্রীড়া ও সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক পদে মোহাম্মদ রকিবুজ্জামান জনি ও ইমাদুল হক, ধর্ম বিষয়ক সম্পাদক পদে মোঃ হারুন অর রশিদ হিরা ও আব্দুল লতিফ, সাংস্কৃতিক ও নাট্য সম্পাদক পদে মোঃ রেমিম ও এমদাদুল ইসলাম, গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক পদে মোহাম্মদ সাদেকুজ্জামান খান ও মাকসুদুর রহমান রুমন, প্রহরা বিষয়ক সম্পাদক পদে মোঃ আজগর আলী সুমন মনোনয়নপত্র দাখিল করেছেন।
এছাড়াও সদস্য পদে মনোনয়ন পত্র দাখিল করেছেন মোহাম্মদ মিজানুর রহমান মিল্টন, মোঃ রাকিব হোসেন, মোঃ হামিদুল ইসলাম, মোঃ ওবাইদুল ইসলাম, রাজন আহম্মেদ, মোঃ জয়নাল আবেদীন, মোঃ হামিদুল ইসলাম, মোঃ আব্দুল জব্বার, মোঃ নাজমুল ইসলাম ও মোঃ রবিউল ইসলাম।

নির্বাচন পরিচালনা কমিটির সূত্রে জানা গেছে,
ঘোষিত তফসিল অনুযায়ী ১৪ জানুয়ারি মনোনয়নপত্র যাচাই-বাছাই ও ১৯ জানুয়ারি প্রত্যাহারের শেষ দিন। পরে প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে এবং প্রতীক বরাদ্দ করে নির্ধারিত তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্প্রতি নির্বাচন পরিচালনা কমিটি আনুষ্ঠানিকভাবে এ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

ঘোষিত তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ১৩/০১/২০২৫ সোমবার। মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে ১৪/০১/২০২৫ মঙ্গলবার। চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশিত হবে ২০/০১/২০২৫ সোমবার। নির্বাচনের দিন ধার্য করা হয়েছে আগামী ০৭/০২/২০২৫ শুক্রবার।

এবারের নির্বাচনে সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য পদে প্রতিযোগিতা হবে। ব্যবসায়ী সমিতির সদস্যরা আশা করছেন, নির্বাচনের মাধ্যমে একটি যোগ্য নেতৃত্ব গড়ে উঠবে, যা ব্যবসায়িক পরিবেশ উন্নত করতে ভূমিকা রাখবে।

নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক আব্দুস সালাম জানান, নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে আয়োজনের জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।